



টাকী রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয় (উঃ মাঃ)

টাকী, উত্তর ২৪ পরগনা - ৭৪৩৪২৯

দূরভাষ : (০৩২৪১৭) - ২৩৪৭৫০, মোঃ ৭০৬৩৩৮২২৯০

E-mail : trkmhstaki@gmail.com

Website: www.rkmhstaki.org

তারিখ : ১৮.০৮.২০২৫

বিজ্ঞপ্তি

২০২৬ শিক্ষাবর্ষে টাকী রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ে (উঃ মাঃ)

পঞ্চম থেকে নবম শ্রেণীতে ছাত্র ভর্তির নিয়মাবলী :-

- ২০২৬ শিক্ষাবর্ষে টাকী রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয়ে বাংলা মাধ্যমে লিখিত এবং মৌখিক পরীক্ষার ভিত্তিতে বিদ্যালয়ে পঞ্চম থেকে নবম শ্রেণীতে ভর্তির আবেদনপত্র জমা নেওয়া হবে।
- যে সমস্ত ছাত্ররা এখন চতুর্থ শ্রেণীতে পড়ছে এবং যাদের বয়স আগামী ০১/০১/২০২৬ তারিখে ১০ বছর থেকে ১১ বছর সময় সীমার মধ্যে অথবা যাদের জন্ম তারিখ ০১/০১/২০১৫ থেকে ৩১/১২/২০১৫ - এর মধ্যে তারাই পঞ্চম শ্রেণীতে ভর্তির প্রবেশিকা পরীক্ষায় বসতে পারবে।
- ছাত্রকে বিদ্যালয়ে লেখাপড়া করার মত শারীরিক ও মানসিক ভাবে সক্ষম থাকা চাই।
- জাতি, বর্ণ ও ধর্ম নির্বিশেষে ছাত্রদের এখানে ভর্তি করা হয়।
- গান, বাজনা, আবৃত্তি প্রভৃতি সহপাঠক্রমিক কার্যাবলীতে (Co-curricular Activity) যোগ্য ছাত্রদের অগ্রাধিকার দেওয়া হবে।
- আবেদন পত্রে আবাসিক এবং অনাবাসিক উল্লেখ করতে হবে। আবাসিকদের অগ্রাধিকার দেওয়া হবে।
- বিদ্যালয়ের আদর্শ, নিয়ম-শৃঙ্খলা অনুসরণকারী অভিভাবকবৃন্দই কেবল এই বিদ্যালয়ে ছাত্র ভর্তির জন্য আবেদন করতে পারেন।
- চতুর্থ শ্রেণির দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর যুক্ত মূল / প্রত্যয়িত (Attested Copy) প্রগতিপত্র (Progress Report) এবং জন্ম তারিখ সম্বলিত সার্টিফিকেট (Date of Birth Certificate) এর মূল / প্রত্যয়িত (Attested Copy) দেখানোর পর ভর্তির আবেদনপত্র জমা নেওয়া হবে।
- আবেদনপত্রে অভিভাবকের দেওয়া কোনো তথ্যে গরমিল বা ভুল থাকলে, সেই আবেদন পত্র পরবর্তী ক্ষেত্রে বাতিল বলে গণ্য হবে।
- ডাকযোগে আবেদনপত্র পাঠানো বা জমা নেওয়া হবে না।

- আবেদনপত্র, এডমিট কার্ড, বিদ্যালয়-নিয়মাবলী ও প্রবেশিকা পরীক্ষার রূপরেখা সবই বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.rkmhstaki.org) ১৯শে আগস্ট (মঙ্গলবার) থেকে ৩১শে অক্টোবর (শুক্রবার) ২০২৫ পর্যন্ত অনলাইনে পাওয়া যাবে ও বিদ্যালয়ে জমা দেওয়া যাবে। A4 মাপের সাদা কাগজে সংগ্রহ করতে পারেন।
- পরীক্ষার আবেদনপত্রের মূল্য - ৫০০/- (পাঁচ শত টাকা) মাত্র।
- বিদ্যালয়ে ভর্তির কার্যালয়ে আবেদনপত্রটি জমা দেবার সময় ৫০০/- (পাঁচ শত টাকা) নগদে জমা দিতে হবে। ঐ সময় এডমিট কার্ড সংগ্রহ করে নিতে হবে (রবিবার ও ছুটির দিন বাদে) বেলা ১১টা থেকে ১:১৫ মিনিট পর্যন্ত।
- ভর্তির প্রবেশিকা পরীক্ষা আগামী ২৩শে নভেম্বর (রবিবার) ২০২৫। টাকী রামকৃষ্ণ মিশন উচ্চ বিদ্যালয় (উঃ মাঃ), টাকী, উত্তর ২৪ পরগনা - ৭৪৩৪২৯ অনুষ্ঠিত হবে।
- পরীক্ষার্থীকে বেলা ১০:৩০ মিনিটে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।
- পরীক্ষার সময়সীমা বেলা ১১টা থেকে ১:৩০ মিনিট পর্যন্ত।
- ৩টি বিষয়ের উপর মোট ৭৫ নম্বর পরীক্ষা হবে।
- বিষয় গুলি হলঃ- ভারতীয় সংস্কৃতি ও বাংলা- ২৫, ইংরাজি - ২৫ ও গণিত - ২৫
- এডমিট কার্ড, নীল বা কালো পেন, পরিষ্কার ক্লীবোর্ড ও স্বচ্ছ জলের বোতল নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে।
- পরীক্ষার ফলাফল বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.rkmhstaki.org) পরে জানানো হবে।

পূর্ণময়ানন্দ
(স্বামী পূর্ণময়ানন্দ)

প্রধান শিক্ষক
Headmaster

Taki Ramakrishna Mission High School
Taki, North 24 Parganas



স্বামী পরিশুদ্ধানন্দ
(স্বামী পরিশুদ্ধানন্দ)

সম্পাদক

Secretary
Taki Ramakrishna Mission High School
Taki, 24-Parganas (N)
